# দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং সম্পর্কে পরিবারের জন্য বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

**চ্যান্সেলর কারানজার কাছ থেকে একটি বিবৃতি:**

প্রিয় পরিবারবর্গ,

COVID 19-এর কারণে আমরা একটি নজিরবিহীন স্বাস্থ্য সংক্রান্ত সংকট মোকাবেলা করছি, এবং শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের প্রধান প্রাধান্য। এই সময় শিক্ষার্থীরা যেন তাদের পড়ালেখা অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করতে আমরা সিটি জুড়ে 1 মিলিয়নের বেশি শিক্ষার্থীকে দ্রুত দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) ব্যবস্থায় নিয়ে আসছি। এগুলো আমাদের শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের জন্যে অতুলনীয় পরিস্থিতি। আমাদের দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) চালু করার পথে আমাদের স্কুল কমিউনিটির সকলের নমনীয়তার জন্যে এবং আমাদের শিক্ষার্থীদের প্রতি অবিচল অঙ্গীকারের সাথে এই চ্যালেঞ্জ মোকাবেলায় এগিয়ে আসার জন্যে আমাদের স্কুল ও স্টাফদের প্রতি আমি অত্যন্ত কৃতজ্ঞ।

দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)-এর মাধ্যমে, শ্রেণীকক্ষে বা ক্লাসরুমে যেভাবে হত ঠিক একইভাবে শিক্ষকগণ অনলাইনে পাঠ্য প্রদান করবেন, এবং শিক্ষার্থীর অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট, এবং মূল্যায়ন (অ্যাসেসমেন্ট) সম্পন্ন করতে পারবে। দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) শিক্ষার্থী এবং শিক্ষক উভয়ের জন্যে অনলাইনে সম্পৃক্ত হওয়ার সুযোগ দেয় এবং শিক্ষার্থীদের পাঠক্রমের মূল অংশগুলোর বিষয়বস্তু ও উপকরণগুলো অব্যাহতভাবে শেখার সুযোগ প্রদান করে। এই অজানা পরিস্থিতিতে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে এই যোগাযোগ শিক্ষার্থীদের জন্যে সুপরিচিত ও স্বস্তির পরিবেশ তৈরি করবে বলে আমি আশাবাদী।

রিমোট লার্নিং সোমবার, 23 মার্চ থেকে শুরু হবে। এই নতুন স্বাভাবিকতার সাথে আমরা যখন পরিচিত হচ্ছি, আমরা জানি অনেক প্রশ্ন এবং জটিলতার উদ্ভব হবে, এবং আমরা আপনার সাথে অংশিদারীত্ব করে করে এই পরিবর্তন যতটুকু সম্ভব নির্ঝঞ্ঝাট করতে আমরা অঙ্গীকারবদ্ধ। পরিবারের জন্য বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর উত্তরগুলো আমরা নিচে উপস্থাপণ করছি এবং আমরা নতুন যা কিছু জানবো তা দিয়ে এগুলো আমরা অব্যাহতভাবে হালনাগাদ করে যাব।

পরিবারদের জন্যে মুখ্য সহায়তা:

- দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং)-এ অংশগ্রহণে তাদের সন্তানের জন্যে একটি ডিভাইস অনুরোধ করতে, অনুগ্রহ করে এই জরিপটি পূরণ করুন। যদি কোনও কারণে আপনি এই জরিপটি অনলাইনে সম্পন্ন করতে না পারেন, তাহলে 718-935-5100 নাম্বারে ফোন করুন এবং অপশন 5 বেছে নিন। আপনাকে একটি ডিভাইসের মাধ্যমে যেন সংযোগ দিতে পারি, সেজন্যে আমরা সকলকে এই জরিপ যত শিঘ্রই সম্ভব পূরণ করতে বলছি, যদি আপনার প্রয়োজন থেকে থাকে।
- একটি অ্যাকাউন্ট তৈরি করার তথ্যের জন্যে, NYCDOE ওয়েবসাইটে দেয়া নির্দেশাবলী পর্যালোচনা করুন।
- পাঠক্রম, অ্যাসাইনমেন্ট অথবা নির্দেশনা সংক্রান্ত প্রশ্নের জন্যে, অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

একাত্নতার সাথে,

চ্যান্সেলর রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

## দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) গ্রহণ এবং আমার সন্তানকে সহায়তা প্রদান

**1. আমার সন্তান কীভাবে দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) উপকরণ দেখতে পাবে?**

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের প্রতিটি শিক্ষার্থীকে রিমোট লার্নিংয়ের জন্যে প্রয়োজনীয় টুল এবং উপকরণ দেয়া হবে। রিমোট লার্নিংয়ের জন্যে তাদের প্ল্যাটফর্ম (মাধ্যম) কী হবে সেবিষয়ে আপনার স্কুল আপনার সাথে যোগাযোগ করবে। দূর থেকে শেখার সময় শিক্ষার্থীদের সংযোগ বজায় রাখতে এবং অ্যাকাডেমিক আবশ্যকতা পূরণ করতে, NYCDOE প্রতিটি শিক্ষার্থীর জন্যে শিক্ষার্থী বা স্টুডেন্ট অ্যাকাউন্ট তৈরি করেছে। অ্যাকাউন্টটি আপনাকে গুগল ক্লাসরুম এবং মাইক্রোসফট অফিস 365 ব্যবহার করতে দেবে। আরো তথ্যের জন্যে NYCDOE ওয়েবসাইটে দেয়া নির্দেশাবলী পর্যালোচনা করুন। আপনি যদি আপনার সন্তানের স্টুডেন্ট অ্যাকাউন্ট না পেয়ে থাকেন, তাহলে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। ডিভাইস সম্পর্কিত তথ্যের জন্যে নিচে দেখুন

**2. আমার যদি কোনও প্রশ্ন থাকে তাহলে আমার সন্তানের শিক্ষকের সাথে কীভাবে যোগাযোগ করবো?**

প্রতিটি স্কুল পরিবারদের সাথে নিজস্ব উপায়ে যোগাযোগ করার ব্যবস্থা করেছে, যেমন, ইমেইল, মাইক্রসফট্ টিম, অথবা অন্যান্য মাধ্যম। শিক্ষকের সাথে যোগাযোগের সবচেয়ে ভাল উপায় আপনার স্কুল আপনাকে জানিয়ে দেবে। আপনার যদি সহায়তা প্রয়োজন হয়, তাহলে স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আপনার যদি যোগাযোগের তথ্য প্রয়োজন হয়, তাহলে schools.nyc.gov/find-a-school ভিজিট করুন।

NYC Department of Education

**3. যদি আমার না থাকে, তাহলে আমি কীভাবে একটি ইন্টারনেট-সক্ষম ডিভাইস পেতে পারি?**

অনেক স্কুল তাদের বিদ্যমান ল্যাপটপ ও ট্যাবলেটের মজুত থেকে বিতরণ করছে, এবং পরিবারেরা তাদের চাহিদা অনুযায়ী যেন নিয়ে যেতে পারে তা নিশ্চিত করতে আমরা সময়সীমা বৃদ্ধি করছি। এছাড়াও আমরা পরিবারদের পরবর্তী কয়েক সপ্তাহের জন্যে সবচেয়ে ভাল যোগাযোগের তথ্য সহ তাদের একটি স্মার্টফোন, ল্যাপটপ/ট্যাবলেট/কম্পিউটার, ইন্টার্নেট আছে কি নেই সেতথ্য আমাদের সাথে শেয়ার করার জন্যে একটি জরিপ পূরণ করতে বলছি। আমরা ডিভাইস বিতরণের জন্যে এই তথ্য ব্যবহার করে অগ্রাধিকারক্রম তৈরি করবো এবং পরিবারদের সেগুলো নিয়ে যাবার বা পিক আপ করার জন্যে অবহিত করবো।

## অ্যাকাডেমিক নীতিমালা এবং পরিকল্পনা

**4. উপস্থিতি আমার সন্তানের গ্রেডকে কীভাবে প্রভাবিত করবে?**

স্কুলগুলোর উপস্থিতি পর্যবেক্ষণ করার জন্যে একটি পদ্ধতি রয়েছে। স্কুলগুলোকে অবশ্যই শিক্ষার্থীর গ্রেড মূলত তাদের অ্যাকাডেমিক কার্যসম্পাদনার উপর ভিত্তি করে করতে হবে। শিক্ষার্থীদের তাদের অনুপস্থিতির জন্যে ফেল করানো যাবে না। যদি আপনার স্কুল গ্রেড হিসাব করায় উপস্থিতি যোগ করে, তাহলে তারা COVID-19-এর কারণে হওয়া পূর্ববর্তী অনুপস্থিতি তাদের গ্রেডের হিসাব করায় অন্তর্ভুক্ত করতে পারবে না। সামনের দিনগুলোতে, স্কুলগুলো গ্রেড হিসাব করতে বছরের বাকি সময়ের উপস্থিতি অন্তর্ভুক্ত করবে না।

**5. যদি আমার সন্তান রিমোট লার্নিংয়ে তার কাজ সম্পন্ন করতে সক্ষম না হয় তাহলে কী হবে?**

রিমোট (দূর থেকে দেয়া) অ্যাসাইনমেন্ট সশরীরে দেয়া অ্যাসাইনমেন্টের সমতুল্য। শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত হয়ে যেভাবে অংশগ্রহণ করত, দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) তারা একইভাবে অংশগ্রহণ করবে বলে প্রত্যাশিত। দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং পরিবেশে সকল শিক্ষার্থীর ডিভাইস অথবা অন্যান্য সহায়ক উপকরণের সমপরিমাণ লভ্যতা নাও থাকতে পারে, সেবিষয়টির প্রতি লক্ষ্য রেখে শিক্ষক নমনীয়তার সাথে নীতি নির্ধারণ করে দূর থেকে সম্পাদিত কাজ এবং অ্যাকাডেমিক অগ্রগতির জন্যে গ্রেড ধার্য করবেন। যদি আপনার সন্তান অসুস্থ্য অথবা কোনও কারণে রিমোট লার্নিংয়ে যোগ দিতে সক্ষম না হয়, তাহলে নির্দেশনা ও সহায়তার জন্যে আপনার সন্তানের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করা উচিত।

**6. রিমোট লার্নিংয়ে উত্তরণের মধ্য দিয়ে স্কুলগুলো শিক্ষার্থীর গ্রেড (নম্বর) প্রদান করবে?**

স্কুলগুলো যখন রিমোট লার্নিংয়ে অংশগ্রহণ করছে, শিক্ষকগণ বরাবরের মতই এবং স্কুলের গ্রেড প্রদানের নীতি অনুযায়ী শিক্ষার্থীদের গ্রেড (ফলাফল) প্রদান করবেন, এবং দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং পরিবেশে সকল শিক্ষার্থীর ডিভাইস অথবা অন্যান্য সহায়ক উপকরণের সমপরিমাণ লভ্যতা নাও থাকতে পারে, সেবিষয়টির প্রতি লক্ষ্য রেখে শিক্ষক নমনীয়তার সাথে নীতি নির্ধারণ করে গ্রেড ধার্য করবেন। শিক্ষকদের দেয়া নির্ধারিত শেষ সময়ের মধ্যে শিক্ষার্থীরা তাদের কাজ এবং কার্যক্রম সম্পন্ন করবে বলে প্রত্যাশিত। শিক্ষার্থীরা দেরিতে সম্পন্ন কাজ কীভাবে এবং কখন জমা দেবে সেবিষয়ে প্রতিটি স্কুলের নিজস্ব নীতি রয়েছে। রিমোট লার্নিং চলাকালীন সময় আপনার স্কুলের গ্রেড প্রদানের নীতি সম্পর্কে আপনার যদি আরো তথ্য প্রয়োজন হয় তাহলে আপনার শিক্ষার্থীর শিক্ষক অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

**7. রিমোট লার্নিংয়ে উত্তরণের ফলে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়ার বা প্রমোশনের সিদ্ধান্ত কীভাবে প্রভাবিত হবে?**

কিন্ডারগার্টেন থেকে অষ্টম (8) গ্রেডের জন্যে, শিক্ষার্থীর সম্পাদিত কাজের বিভিন্ন অংশ পর্যালোচনা করে তারা পরবর্তী গ্রেড স্তরের জন্যে প্রস্তুত কিনা সেবিষয়ে স্কুল সিদ্ধান্ত নেয়। নবম (9) থেকে দ্বাদশ (12) গ্রেডের জন্যে, দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং পরিবেশে সকল শিক্ষার্থীর ডিভাইস অথবা অন্যান্য সহায়ক উপকরণের সমপরিমাণ লভ্যতা নাও থাকতে পারে, সেবিষয়টির প্রতি লক্ষ্য রেখে নমনীয়তার সাথে ক্রেডিট এবং পরীক্ষা সম্পাদনের উপর ভিত্তি করে স্কুলগুলো প্রমোশনের সিদ্ধান্ত গ্রহণ করবে। প্রমোশনের সিদ্ধান্ত অবশ্যই অ্যাকাডেমিক অগ্রগতির উপর ভিত্তির করে হতে হবে, উপস্থিতির উপর নয়। স্কুলগুলো প্রমোশনের সিদ্ধান্ত সাধারণত যেসময় নেয় সেই অনুযায়ী জুন মাসে নেবে বলে পরিবারেরা প্রত্যাশা করতে পারেন। আপনার সন্তানের অগ্রগতি এবং অতিরিক্ত সহায়তা চাহিদা নিয়ে উদ্বিগ্ন হয়ে থাকেন তাহলে তার শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

**8. যেসব শিক্ষার্থী হাই স্কুল ক্রেডিট অর্জনের প্রক্রিয়ায় রয়েছে এটা তাদের কীভাবে প্রভাবিত করবে?**

রিমোট লার্নিং শিক্ষার্থীদের তাদের কোর্স ও রিজেন্টস পরীক্ষায় সফলতার জন্যে প্রস্তুত করতে মনোনিবেশ করবে। শিক্ষার্থীরা যদি পাশকৃত গ্রেড অর্জন করে তাহলে তারা কোর্স শেষে ক্রেডিট অর্জন করবে।

**9. রিমোট লার্নিংয়ে উত্তরণের ফলে ফিজিক্যাল এডুকেশন বা শরীরচর্চা শিক্ষা নির্দেশনায় কীভাবে প্রভাবিত হবে?**

ফিজিক্যাল এডুকেশন বা শরীরচর্চা শিক্ষার শর্তাবলীতে কোনও ব্যতিক্রম হবে না। শিক্ষার্থীরা রিমোট লার্নিংয়ের অংশ হিসেবে ফিজিক্যাল এডুকেশন বা শরীরচর্চা শিক্ষায় অংশগ্রহণ করবে যেন তারা তাদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধি অব্যাহত রাখতে পারে। দূর থেকে ফিজিক্যাল এডুকেশন বা শরীরচর্চা শিক্ষায় অংশগ্রহণে ফিজিক্যাল এডুকেশন শিক্ষক কী প্রত্যাশা করছেন সেবিষয়ে আপনার সন্তানের সাথে তিনি যোগাযোগ করবেন।

**10. যেসব শিক্ষার্থী এই শিক্ষা বছরের শেষে গ্রাজুয়েট হবার প্রত্যাশা করছে, COVID-19 মোকাবেলার পদক্ষেপসমূহের ফলে তারা কীভাবে প্রভাবিত হবে?**

শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশনের পথে অগ্রসর করতে স্কুলগুলো সকল প্রচেষ্টা করবে। এতে অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের কোর্সের বিষয়বস্তুতে দক্ষ হতে এবং জুনে অনুষ্ঠিতব্য পরীক্ষার জন্যে প্রস্তুত হতে তাদের সহায়তা করা। রিমোট লার্নিং পরিকল্পনা শিক্ষার্থীদের নিয়মিত কোর্সগুলোতে সহায়তা করাও অব্যাহত রাখবে।

NYC Department of Education

এই মুহূর্তে, COVID-19-এ সাড়াদানকালে NYSED গ্র্যাজুয়েশনের শর্তাবলী পরিবর্তন করেনি। আপনার সন্তানের কী কী গ্র্যাজুয়েশন অপশন রয়েছে সেবিষয়ে আপনার স্কুল আপনার সাথে যোগাযোগ করবে। যেসব শিক্ষার্থী শিক্ষা বছরের শেষে সকল শর্তাবলী পূরণ করতে না পারবে, তারা তাদের ডিপ্লোমা অর্জনে কাজ অব্যাহত রাখতে সামার স্কুলে অংশগ্রহণের সুযোগ পাবে।

**11. কলেজ ও পেশার জন্য প্রস্তুত হতে আমার হাই স্কুলগামী সন্তানকে আমি কীভাবে সহায়তা করতে পারি?**

ক্যারিয়ার অনুসন্ধান, ফাইন্যানশিয়াল এইড প্রক্রিয়া বুঝতে পারা, এবং কলেজে শিক্ষার্থীর সফলতার প্রোগ্রামগুলো সম্পর্কে রিসোর্স খুঁজতে শিক্ষার্থীরা DOE-এর কলেজ এবং ক্যারিয়ারের পরিকল্পনার জন্যে বাড়ি থেকে শিক্ষার নির্দেশনা ব্যবহার করতে পারে। এছাড়াও শিক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসগুলো ভার্চুয়াল পরিদর্শন করতে পারে।

এছাড়াও, আপনার সন্তানের কলেজ এবং ক্যারিয়ারের পরিকল্পনায় অতিরিক্ত সহায়তার জন্যে আপনার স্কুলের কাউন্সেলরের সাথে কীভাবে যোগাযোগ করবেন, সেবিষয়ে আপনার স্কুল অবহিত করবে।

## স্পেশাল এডুকেশন

**12. আমার সন্তান কীভাবে শিক্ষা নির্দেশনা পাবে?**

যদি আপনার শিক্ষার্থীর জন্য ইনটিগ্রেটেড কো-টিচিং, স্পেশাল ক্লাস, কিংবা স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিস সুপারিশকৃত হয়, তাহলে আপনার স্কুল সাধ্যমতো চেষ্টা করবে যাতে সেসব শিক্ষানির্দেশনা সাধারণত ক্লাসরুমে যেসব স্পেশাল এডুকেশন শিক্ষক এবং/অথবা শিক্ষকদের টিম ও প্যারাপ্রফেশন্যাল(গণ) প্রদান করতেন, তাদের কাছ থেকে প্রদান অব্যাহত রাখা যায়। কীভাবে শিক্ষানির্দেশনা প্রদান করা হবে, সেটা জানাতে আপনার স্কুল থেকে কেউ আপনাদের সাথে যোগাযোগ করবেন।

**13. আমার সন্তানের IEP মিটিং কি এখনও ধার্য হবে?**

হ্যাঁ। IEP মিটিংগুলো ফোনে পরিচালিত হবে।

**14. প্রাথমিক মূল্যায়ন অথবা পুনঃমূল্যায়নের জন্য আমি কি রেফারেল করতে সক্ষম হবো?**

পিতামাতারা রেফারেল করতে পারেন প্রিন্সিপ্যালের কাছে অথবা ইমেইল করতে পারেন **specialeducation@schools.nyc.gov** ঠিকানায়, অথবা ফোনে 311 নাম্বারে। মূল্যায়ন হয়ত দূর থেকে সম্পাদন করা যেতে পারে।

**15. আমার সন্তান কি এখনও রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবাসমূহ) গ্রহণ করবে?**

যেখানে চিকিত্সাগতভাবে যথাযথ সেখানে রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবাসমূহ) প্রদান করা হবে (ফোনে) টেলেথেরাপি অথবা ভিডিও-কনফারেন্সের মাধ্যমে। প্রতিটি শিক্ষার্থীর জন্যে পরিষেবার পরিকল্পনাগুলো আলোচনা করার জন্যে পরিষেবা প্রদানকারী ও স্কুলগুলো পরিবারের সাথে যোগাযোগ করবে। এছাড়াও পরিষেবা প্রদানকারীগণ পরিবারদের বিভিন্ন কর্মকান্ডের তথ্য প্রদান করবে যার মাধ্যমে রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবাসমূহ) বাড়িতে জোরদার করা যেতে পারে।

**16. আমার সন্তান কী সহায়ক প্রযুক্তি বা অ্যাসিস্টিভ টেকনলজি পাবে?**

যেসব শিক্ষার্থীর জন্যে অ্যাসিস্টিভ টেকনলজি সুপারিশ করা হয়েছে সেসব পরিবারে ডিভাইস প্রদান নিশ্চিত করতে স্কুলগুলো পরিবারের সাথে কাজ করবে, এবং সেগুলো বন্দোবস্ত করতে পরিবারের সাথে যোগাযোগ করবে।

**17. প্রিস্কুল, চার্টার স্কুল, এবং নন-পাবলিক স্কুলগুলো?**

চার্টার স্কুলগুলো এবং নন-পাবলিক স্কুলগুলো, স্কুল বন্ধ থাকাকালীন সময় শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করার পরিকল্পনা আলোচনা করার জন্যে পরিবারের সাথে যোগাযোগ করবে। শিক্ষার্থীরা দূর থেকে (রিমোট) SETSS, SEIT, এবং রিলেটেড সার্ভিসেস (সম্পর্কিত পরিষেবাসমূহ) গ্রহণ করবে, ঠিক যেভাবে তাদের ডিস্ট্রিক্ট স্কুলগুলোতে ঐ পরিষেবাগুলো দেয়া হতো।

## মাল্টিলিঙ্গুয়াল/ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস্

**18. আমার সন্তান কীভাবে শিক্ষা নির্দেশনা পাবে?**

প্রতিটি স্কুল একটি দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পরিকল্পনা করবে যা ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) এবং পূর্ববর্তী ইংলিশ ভাষা শিক্ষার্থীরা যেন তাদের বাড়ির ভাষায় যথাযথ পরিমাণ সহায়তা সহ ইংরেজিতে উদ্দিষ্ট শিক্ষা নির্দেশনা পায় তা নিশ্চিত করবে। আপনার স্কুল অব্যাহতভাবে আপনার সন্তানের সুনির্দিষ্ট শক্তি অর চাহিদা বিবেচনা করবে, উদাহরস্বরুপ, ইংরেজিতে তাদের বর্তমান দক্ষতার স্তর এবং একাডেমিক ক্ষেত্র যেখানে তাদের সবচেয়ে বেশি সহায়তা প্রয়োজন। এই পরিষেবাগুলো যথাযথ সনদপ্রাপ্ত শিক্ষক দ্বারা সমন্বয় এবং প্রদান করা হবে।

NYC Department of Education

**19. ডিভাইসের ভাষা আমার পছন্দের ভাষায় কীভাবে পরিবর্তন করতে পারি?**

বেশীরভাগ কম্পিউটার, ফোন, এবং ট্যাবলেটে আপনি 'ডিফল্ট ল্যাংগুয়েজ' এবং 'সেটিংস' একটি পছন্দের ভাষায় পরিবর্তন করতে পারবেন। এই অপশনতি সাধারণত আপনার ডিভাইসের "সেটিংস" সেকশনে পাওয়া যায়।

- আপনার আইফোন, আইপ্যাড, অথবা আইপ্যাড টাচ্-এর ভাষা পরিবর্তন করতে এই নির্দেশনাগুলো অনুসরণ করুন।
- আপনার অ্যান্ড্রয়েড ডিভাইসে ভাষা পরিবর্তন করতে এই নির্দেশনাগুলো অনুসরণ করুন।

**20. অনলাইনের বিষয়বস্তু আমি অন্য ভাষায় কীভাবে পরিবর্তন করতে পারি?**

গুগল ট্র্যান্সলেট (অনুবাদ) একটি ফ্রি, অনলাইন অ্যাপ্লিকেশন যা বেশিরভাগ ডিভাইসে পাওয়া যায়। একবার আপনার ডিভাইসে ডাউনলোড করার পর ইন্টারনেট সংযোগ ছাড়াও এটা ব্যবহার করা যাবে। গুগল ট্র্যান্সলেট 100টির বেশি ভিন্ন ভাষায় টেক্সট, হাতের লেখা, বুলি, এবং ওয়েবসাইট অনুবাদ করতে ব্যবহার করা যেতে পারে।

গুগল ট্র্যান্সলেট ডাউনলোড করতে এই নির্দেশনাগুলো অনুসরণ করুন:

- আপনার কম্পিটারে, যদি ইতিমধ্যে না থেকে থাকে তাহলে গুগল ক্রোম ওয়েব ব্রাউজার ইনস্টল করুন। গুগল ক্রোমে গুগল ট্র্যান্সলেট (অনুবাদ) অন্তর্ভুক্ত আছে।
- আইফোন এবং আইপ্যাডে, অ্যাপ স্টোর থেকে গুগল ট্র্যান্সলেট অ্যাপটি ডাউনলোড করুন।
- অ্যান্ড্রয়েড ডিভাইসগুলোতে, গুগল প্লে থেকে গুগল ট্র্যান্সলেট অ্যাপটি ডাউনলোড করুন।

## মূল্যায়ন এবং দায়বদ্ধতা

**21. এটা 3-8 গ্রেডের নিউ ইয়র্ক স্টেট টেস্টগুলোতে কীভাবে প্রভাব ফেলবে?**

ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস এবং ম্যাথ পরীক্ষাগুলো নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED) কর্তৃক স্থগিত ঘোষণা করা হয়েছে।

**22. COVID-19-এর বিরুদ্ধে নেয়া পদক্ষেপের কারণে রিজেন্টস পরীক্ষা গ্রহণকারী শিক্ষার্থীদের উপর কীভাবে প্রভাব পরবে?**

যেসব শিক্ষার্থী রিজেন্টস্ কোর্সগুলো নিচ্ছে তাদের জুন মাসে রিজেন্টস্ পরীক্ষার জন্যে পরিকল্পনা করা উচিত। তাদের কার্যসম্পাদনা অথবা উপস্থিতি যাই হোকনা কেন, শিক্ষার্থীরা তাদের কোর্সগুলোর উপর রিজেন্টস পরীক্ষা দেয়ার জন্যে অনুমোদিত।

বিজ্ঞান বা সায়েন্স রিজেন্টস পরীক্ষার জন্যে, শিক্ষার্থীদের অবশ্যই 1,200-মিনিটের একটি ল্যাবরেটরি শর্ত পূরণ করতে হয়। নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এই বছর এই শর্ত বাতিল করে দিয়েছে। শিক্ষার্থীদের তাদের বিজ্ঞান শিক্ষকের দেয়া কার্যক্রম সম্পন্ন করা উচিত, কিন্তু তাদের সশরীরে 1,200 মিনিট ল্যাবরেটরি অভিজ্ঞতা অর্জনের শর্ত পূরণ করতে হবে না।

**23. COVID-19-এর বিরুদ্ধে নেয়া পদক্ষেপের কারণে NYC স্কুল জরিপ কীভাবে প্রভাবিত হবে?**

NYC স্কুল জরিপ চলছে এবং অব্যাহত থাকবে। আপনি যদি আপনার জরিপ ইতিমধ্যে পেয়ে থাকেন, তাহলে আপনি কাগজে অথবা অনলাইনে NYCSchoolSurvey.org ঠিকানায় পূরণ করতে পারেন। আপনি যদি আপনার জরিপ অথবা কোড ইতিমধ্যে না পেয়ে থাকেন, তাহলে আপনারটি পেতে পারেন 1-877-819-2363 নাম্বারে ফোন করে। এছাড়াও আপনি কোড লুকআপ টুলটি ব্যবহার করতে, জরিপের লগইন পেইজ NYCSchoolSurvey.org -এ ভিজিট করুন এবং যেখানে আপনি দেখবেন "এখনই একটি জরিপ সম্পন্ন করুন (Take the survey NOW)" সেগুলোর একটিতে ক্লিক করুন। জরিপটি পূরণের শেষ তারিখ হচ্ছে 8th এপ্রিল। যদি স্কুলটি বসন্তে পুনরায় খোলা হয়, তাহলে আমরা হয়ত জরিপের সময় বর্ধিত করতে পারি।

## দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) প্রস্তুতির চেকলিস্ট

রিমোট লার্নিংয়ের জন্যে আপনি এবং আপনা সন্তান প্রস্তুত হতে এই পরামর্শগুলো বিবেচনা করুন:

- ✓ বাড়িতে পড়াশোনার সময় আপনার সন্তান যেসব ডিজিটাল টুলগুলো ব্যবহার করবে সেগুলোর সাথে পরিচিত হোন।
- ✓ অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে এবং ইন্টারনেট-সক্ষম ডিভাইসে যথাযথ আচরণের জন্যে আপনার স্কুলের প্রত্যাশা পর্যালোচনা করুন।
- ✓ আপনার সন্তানের অনন্য শিক্ষার স্টাইল বিবেচনা করে তার ব্যবহারের জন্যে একটি স্থান নির্ধারণ করুন।
- ✓ বাড়িতে শিক্ষায় সফলতার জন্যে আপনার সন্তানকে সহায়তা করতে একটি নিয়ম ও দৈনিক সময়সূচি তৈরি করুন।
- ✓ তাদের ক্লাসের কাজের পাশাপাশি করতে পারবে এমন একটি কর্মকান্ডের তালিকা তৈরি করুন।
- ✓ আপনার যদি ইন্টারনেট সংযোগ সহ কোনও ডিভাইস না থেকে থাকে, তাহলে সংযোগ সহ একটি পাবার জন্যে এই জরিপটি পূরণ করুন।